

এসএসসি ও সমমানের পরীক্ষা  
প্রথম দিন অনুপস্থিত  
ছয় হাজার ৭৭৮  
পরীক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক

সারা দেশে শান্তিপূর্ণ পরিবেশে শুরু হয়েছে এসএসসি ও সমমানের পরীক্ষা। এবার পরীক্ষার মধ্যে কোনো রাজনৈতিক কর্মসূচি না থাকায় শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষাসংশ্লিষ্ট সবার মধ্যে ঘনিষ্ঠ দৃষ্টি দৃষ্টি করা গেছে। গতকাল রবিবার অনুষ্ঠিত প্রথম দিনের পরীক্ষায় অনুপস্থিত ছিল মোট ছয় হাজার ৭৭৮ জন। তাদের মধ্যে মাদ্রাসা বোর্ডের মাঝিদের পরীক্ষার্থী দুই হাজার ৪০০ ও কারিগরি শিক্ষা বোর্ডের এক হাজার ৫২ জন। অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী রয়েছে—যারা গত বছর কয়েকটি বিষয়ে ফেল করেছে। এরা এবার তখু ফেল করা বিষয়গুলোর পরীক্ষায় অংশ নিচ্ছে। অন্যদিকে অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার হল থেকে বহিষ্কার হয়েছে ▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

প্রথম দিন অনুপস্থিত ছয় হাজার ৭৭৮

▶▶ শেষ পৃষ্ঠার পর

৯ জন পরীক্ষার্থী। তাদের মধ্যে কারিগরি বোর্ডের ছয়জন, মাঝিদের দুইজন এবং এসএসসির যশোর শিক্ষা বোর্ডের একজন পরীক্ষার্থী রয়েছে।

পরীক্ষার সার্বিক তথ্য আদান-প্রদানের জন্য খোলা শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষ থেকে এসব তথ্য জানা গেছে।

গতকাল আট শিক্ষা বোর্ডের অধীনে এসএসসিতে বাংলা প্রথম পত্র, সহজ বাংলা-১ম পত্র এবং বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি-১ম পত্র, মাঝিদের কুরআন মাজিদ ও তাজবিন এবং কারিগরি বোর্ডের অধীনে এসএসসি ভোকেশনালে বাংলা-২ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ গতকাল সকালে মতিঝিল সরকারি বাসক উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষাকেন্দ্রে পরিদর্শন করেন। পরে তিনি সাংবাদিকদের বলেন, এবার কেউ দুর্ভাগ্যের মধ্যে নেই। হরতাপ-অবরোধের কর্মসূচি না থাকায় শিক্ষার্থীরা ভালো প্রস্তুতি নিয়ে পরীক্ষা নিচ্ছে। এবার পরীক্ষার্থী বেড়েছে, করে পড়ার হারও কমেছে। তিনি রাজনৈতিক দলসহ সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানিয়ে বলেন, কেউ এমন কোনো কাজ করবেন না যাতে পরীক্ষা বাধাগ্রস্ত হয়, শিক্ষার্থীরা বাধার মুখে পড়ে।

এ সময় শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপিকা ফাহিমা খাতুন, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপিকা তাসলিমা বেগম, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবুল কাশেম প্রমুখ উপস্থিত ছিলেন।

শিক্ষা মন্ত্রণালয়ের দেওয়া তথ্যানুযায়ী, এ বছর দেশের ২৭ হাজার ৪৮৯টি প্রতিষ্ঠানের মোট ১৪ লাখ ৩২ হাজার ৭২৭ জন এসএসসি ও সমমানের পরীক্ষার্থী আছে। তারা দুই হাজার ৯৪২টি কেন্দ্রে পরীক্ষা নিচ্ছে।